যুগান্তর
প্রিন্ট: ০৯ জুলাই ২০২৬, ১২:০৭ পিএম

শিক্ষাঙ্গন

# শিক্ষকদের বাড়িভাড়া বাড়িয়ে বিজ্ঞপ্তি

Advertisement

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০৮ জুলাই ২০২৬, ০৮:৪৫ পিএম







**পরবর্তী খেলাসমূহ**

**শুক্রবার ১০ জুলাই ২০২৬** [কোয়ার্টার ফাইনাল] রাত ২টা

ফ্রান্স – মরক্কো

জিলেট স্টেডিয়াম, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র

**শনিবার ১১ জুলাই ২০২৬** [কোয়ার্টার ফাইনাল] রাত ১টা

স্পেন – বেলজি...

সোফি স্টেডিয়াম, লস অ্যাঞ্জেলেস, যুক্তরাষ্ট্র

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া আরও সাড়ে ৭ শতাংশ বাড়িয়ে বিজ্ঞপ্তি জারি করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। চলতি জুলাই মাস থেকেই তারা মূল বেতনের মোট ১৫ শতাংশ হারে বাড়িভাড়া পাবেন।

বুধবার মাউশি পরিচালক (অর্থ ও ক্রয়) প্রফেসর মোহাম্মদ মনির হোসেন পাটওয়ারী স্বাক্ষরিত এসংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়িভাড়া ভাতা ২০২৫ সালের ১ নভেম্বর থেকে মূল বেতনের ৭.৫ শতাংশ হারে (সর্বনিম্ন ২০০০ টাকা) বৃদ্ধি হয়। ১ জুলাই ২০২৬ তারিখ থেকে উক্ত ৭.৫ শতাংশের অতিরিক্ত আরও ৭.৫ শতাংশ অর্থাৎ মূল বেতনের সর্বমোট ১৫ শতাংশ হারে (সর্বনিম্ন ২০০০ টাকা) নির্ধারণ করা হয়েছে।